দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 JUL 1993

পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

158

# শিক্ষক-কর্মচারীদের দাবী সম্পর্কে প্রণীত সুপারিশ আশু বাস্তবায়নের আহ্বান

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লা, সেক্রেটারী জেনারেল অধ্যাপক কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এ, কে, এম, জহিরুল ইসলাম এবং বাংলাদেশ শিক্ষক সমিতির (মাধ্যমিক) মহা-

(৪র্থ পৃঃ দ্রঃ)

## শিক্ষক-কর্মচারীদের

(৩য় পৃঃ পর)

সচিব আজিজুল হক শাহসহ কেন্দ্রীয় শিক্ষক নেতৃবৃন্দ এক বিবৃতিতে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নির্দেশে গঠিত উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি কর্তৃক বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের দাবী সম্পর্কে প্রণীত সুপারিশমালা আশু বাস্তবায়নের জন্য সরকারের প্রতি আহ্বান জানাইয়াছেন। বিবৃতিতে শিক্ষক নেতৃবৃন্দ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান সংস্কারের জন্য প্রথমবারের মত বাজেটে ১০ কোটি টাকা পৃথকভাবে বরাদ্দ করায় সন্তোষ প্রকাশ করেন। তাহারা সুস্পষ্ট ও সুনির্দিষ্ট জাতীয় নীতিমালা ছাড়া বিচ্ছিন্ন ও অপরিকল্পিতভাবে শিক্ষা প্রতিষ্ঠান সরকারীকরণের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেন।